



বিদ্যা মুখস্থ করলেই চলবে না, তা প্রয়োগ করতে হবে ॥ কনক কান্তি বড়ুয়া

প্রকাশিত: ২৫ - অক্টোবর, ২০১৯ ১২:০০ এ. এম.

বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের (বিএসএমএমইউ) অবস এন্ড গাইনি বিভাগের উদ্যোগে ২৪ অক্টোবর বেলা ১১টায় অস্ত্রোপচার পরবর্তী বিভিন্ন ধরনের সংক্রমণ বিষয়ে একটি কনটিনিউ মেডিক্যাল এডুকেশন (সিএমই) প্রোগ্রাম অনুষ্ঠিত হয়। প্রোগ্রামে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ডাঃ কনক কান্তি বড়ুয়া প্রধান অতিথি ছিলেন। বিশেষ অতিথি ছিলেন উপ-উপাচার্য অধ্যাপক ডাঃ মোঃ শহীদুল্লাহ সিকদার, উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ডাঃ মুহাম্মদ রফিকুল আলম। সভাপতিত্ব করেন অবস এন্ড গাইনি বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ডাঃ তৃপ্তি রানী দাস। প্রবন্ধ উপস্থাপন করেন অবস এন্ড গাইনি বিভাগের সহযোগী অধ্যাপক ডাঃ কানিফ ফাতেমা ও সার্জারি বিভাগের সহযোগী অধ্যাপক ডাঃ আবুল কালাম আজাদ। প্রধান অতিথির বক্তব্যে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ডাঃ কনক কান্তি বড়ুয়া বলেন, বিদ্যা মুখস্থ করলেই চলবে না, তা প্রয়োগ করতে হবে। প্রায়োগিক শক্তি ও জ্ঞান অর্জনের ওপর গুরুত্ব দিতে হবে। - বিজ্ঞপ্তি

জেলেদের নিরাপত্তায় টোরেমলিনো ঘোষণায় বাংলাদেশের অনুস্বাক্ষর

জনকণ্ঠ ডেস্ক ॥ নৌপরিবহন প্রতিমন্ত্রী খালিদ মাহমুদ চৌধুরী বিশ্ব আইন প্রণয়নে মন্ত্রী পর্যায়ের সম্মেলনে ‘টোরেমলিনো’ ঘোষণায় বাংলাদেশের পক্ষে অনুস্বাক্ষর করেছেন।

প্রতিমন্ত্রী ২৩ অক্টোবর স্পেনের মালাগা শহরের ভূমধ্যসাগর তীরবর্তী পর্যটন অঞ্চল টোরেমলিনোর কংগ্রেস হলে আন্তর্জাতিক নৌ সংস্থা (আইএমও) আয়োজিত মন্ত্রী পর্যায়ের সম্মেলনে নৌযান ও জেলেদের নিরাপত্তা নিশ্চিত করতে বাংলাদেশের পক্ষে এ অনুস্বাক্ষর করেন। খবর বাসসর।

সম্পাদক, মুদ্রাকর ও প্রকাশক: মোহাম্মদ আতিকউল্লাহ খান মাসুদ (এম এ খান মাসুদ), উপদেষ্টা সম্পাদক: তোয়াব খান, নির্বাহী সম্পাদক: স্বদেশ রায়। সম্পাদক কতৃক গ্লোব জনকণ্ঠ শিল্প পরিবার-এর সদস্য প্রতিষ্ঠান যথাক্রমে গ্লোব প্রিন্টার্স লি: ও জনকণ্ঠ লি: থেকে মুদ্রিত ও প্রকাশিত। রেজি: নং ডিএ ৭৯৬। কার্যালয়: জনকণ্ঠ ভবন, ২৪/এ রাশেদ খান মেনন সড়ক, নিউ ইস্কাটন, জিপিও বাক্স: ৩৩৮০, ঢাকা, ফোন: ৯৩৪৭৭৮০-৯৯ (অটোহান্ডিং ২০ টি লাইন), ফ্যাক্স: ৯৩৫১৩১৭, ৮৩১৬৩৩৫, ই-মেইল: janakanthanews@gmail.com ওয়েবসাইট: www.dailyjanakantha.com এবং www.edailyjanakantha.com ॥ Copyright © All rights reserved by dailyjanakantha.com

